

# India protests announcement of Elections in "Gilgit - Baltistan"

September 29, 2020

## “গিলগিট-বাল্টিস্তান”-এ নির্বাচন ঘোষণায় ভারত প্রতিবাদ জানিয়েছে

সেপ্টেম্বর 29,2020

আমরা লক্ষ্য করেছি যে, নভেম্বর 15,2020 তারিখে তথাকথিত “গিলগিট-বাল্টিস্তান” বিধানসভার নির্বাচন ঘোষণা করা হয়েছে। ভারত সরকার পাকিস্তানের সরকারকে কড়া প্রতিবাদ জানিয়েছে এবং পুনরায় উল্লেখ করেছে যে 1947 সালের অন্তর্ভুক্তি অনুযায়ী তথাকথিত গিলগিট এবং বাল্টিস্তান সহ কেন্দ্রশাসিত সমগ্র জম্মু ও কাশ্মীর এবং লাডাখ অঞ্চল ভারতের অখন্ড অংশ। বেআইনী এবং বলপূর্বক দখল করে রাখা এই ভূখন্ডে পাকিস্তানের কোন স্থিত্যধিকার নেই।

ভারত সরকার, “গিলগিট-বাল্টিস্তান(নির্বাচন এবং তত্ত্বাবধায়ক সরকার)সংশোধনী নির্দেশিকা 2020” –র মত সাম্প্রতিক ক্রিয়াকে এবং পাকিস্তান কর্তৃপক্ষ দ্বারা বেআইনী এবং বলপূর্বক দখল করে রাখা এলাকার বস্তুগত পরিবর্তনের প্রচেষ্টাকে সম্পূর্ণভাবে নস্যাৎ করেছে। এই ধরনের ক্রিয়াকলাপ না পাকিস্তান দ্বারা কেন্দ্রশাসিত অঞ্চলের জম্মু ও কাশ্মীর এবং লাডাখের কিয়দংশকে অধিকার করে রাখাকে আড়াল করে নাতো বিগত সাত দশক ধরে পাকিস্তান অধিকৃত অঞ্চলে বসবাসকারী জনগণের উপরে মানবাধিকার লঙ্ঘন, শোষণ এবং স্বাধীনতা হরণ করাকে আড়াল করতে পারে। এগুলি হল বেআইনী দখল করে রাখাকে লুকিয়ে রাখার জন্য প্রসাধনী ক্রিয়াকলাপ। অতিসম্বর বেআইনী অধিকৃত অঞ্চলকে ফাঁকা করে দেবার জন্য আমরা পাকিস্তানকে বলেছি।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 29, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.